

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০৫২

তারিখ: ১৫ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া/অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় শোক দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধা নিবেদন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ। এসময় আরো উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার জনাব এস.এম. এহসান কবীর, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মোঃ আবু হানিফা, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস. এম. গাউসুল আজম, উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ড. মোঃ রফিক আল মামুন, সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমাদ, সহকারী রেজিস্ট্রার জনাব ফাহাদ আহমদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান সহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

তার আগে জাতীয় শোক দিবস উপলক্ষে আজ ভোর ৬.৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করা হয়। সকাল ৮.০০ ঘটিকায় ১৫ই আগস্টের সকল শহীদের আত্মার শান্তির মাগফেরাত কামনা করে কুরআন খতমের আয়োজন করা হয়।

পরে সকাল ১০.০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে আলোচনা সভা, দোয়া, মোনাজাত, ও বঙ্গবন্ধুর উপর রচিত কবিতা আবৃত্তির আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার জনাব এস.এম. এহসান কবীর, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মোঃ আবু হানিফা, উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ড. মোঃ রফিক আল মামুন। স্বাগত বক্তব্য রাখেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ও ভবানীপুর ইসলামিয়া কামিল মাদরাসার অধ্যক্ষ মাওলানা মোঃ হাসান মাসুদ। আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস. এম. গাউসুল আজম। সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং বঙ্গবন্ধু পরিষদ ইআবি শাখার নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

আলোচনা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ ১৫ই আগস্টের সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় এবং পরবর্তীতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায়, সম্মানিত সভাপতির তত্ত্বাবধানে বঙ্গবন্ধু পরিষদ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় শাখার সহযোগিতায় এতিম ও অসহায় কোমলমতি শিক্ষার্থীদের মাঝে খাবার বিতরণ করা হয়।

উপাচার্যের অনুমোদনক্রমে

(ড. মোঃ আবু হানিফা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।